ভিডিও বিকৃত করে চরিত্রহননের চেষ্টা, আইনি ব্যবস্থা নিচ্ছি: এবি জুবায়ের

ডাকসু সমাজসেবা সম্পাদক এবি জুবায়ের। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সমাজসেবা বিষয়ক সম্পাদক এবি জুবায়েরকে ঘিরে কয়েকটি খণ্ড ভিডিও মঙ্গলবার রাতে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ নিয়ে নিজের ফেসবুক পোস্টে ব্যাখ্যা দিয়েছেন তিনি। একই সঙ্গে ভিডিওগুলোকে বিকৃত ও বিভ্রান্তিকর দাবি করে আইনি ব্যবস্থা নেওয়ার কথাও জানিয়েছেন ডাকসুর এই নেতা।

এবি জুবায়েরের দাবি, রাজধানীর পরিবাগ ব্রিজ এলাকায় তৃতীয় লিঙ্গের কয়েকজনের বিষয়ে সংবাদ সংগ্রহের সময় ঘটে যাওয়া একটি ঘটনার ভিডিও খণ্ডিত ও বিকৃতভাবে প্রচার করে তার ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা করা হচ্ছে।

মঙ্গলবার (২৯ জুলাই) দেওয়া ফেসবুক পোস্টে জুবায়ের জানান, তার বন্ধু সাংবাদিক সিফাতুল্লাহ তাসনিম পরিবাগ ব্রিজ এলাকায় তৃতীয় লিঙ্গের কিছু মানুষের পতিতাবৃত্তি নিয়ে সংবাদ সংগ্রহ করতে গিয়েছিলেন। পরে তিনি নিজেও সেখানে যান।

জুবায়ের বলেন, সেখানে যাওয়ার আগে তিনি শাহবাগ থানা পুলিশকে বিষয়টি জানিয়েছিলেন এবং ঘটনাস্থলে আসার অনুরোধ করেছিলেন।

ঘটনার বর্ণনা দিতে গিয়ে তিনি দাবি করেন, সাংবাদিক সিফাতুল্লাহ তাসনিম সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলতে গেলে তারা উত্তেজিত হয়ে ওঠেন এবং পরিস্থিতি তৈরি করার চেষ্টা করেন। একপর্যায়ে তারা পাল্টা ক্যামেরা চালু করে আপত্তিকর মন্তব্যসহ ভিডিও ধারণ শুরু করেন এবং তার সাংবাদিক বন্ধুর গায়ে হাত তোলেন বলেও দাবি করেন তিনি।

এবি জুবায়েরের বলেন, পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় এবং নিজেদের মতো করে বিষয়টির সমাধান করে।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও প্রসঙ্গে তিনি বলেন, পুরো ঘটনাটি পুলিশ প্রশাসন আগে থেকেই জানত এবং পুলিশ সদস্যরা ঘটনাস্থলেও উপস্থিত ছিলেন। তার অভিযোগ, ঘটনার একটি নির্দিষ্ট সময়ের ভিডিও ছড়িয়ে দিয়ে উদ্দেশ্যপ্রণোদিতভাবে তার চরিত্রহননের চেষ্টা করা হচ্ছে। এ ঘটনায় তিনি আইনি পদক্ষেপ নিচ্ছেন বলেও জানান।